


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
website - www.dwa.gov.bd
E-mail - dwadhaka@gmail.com

প্রেস রিলিজ

মহিলা বিষয়ক অধিদপ্তর ও বিশ্বখাদ্য ^{কর্মসূচীর} ~~সংস্থার~~ যৌথ উদ্যোগে ৩০.১১.২০১৪ তারিখ রোজ রবিবার সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত মহিলা বিষয়ক অধিদপ্তরের ৫ম তলার মাল্টিপারপাস হলরুমে ৬৪ জেলার জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের নিয়ে ভিজিডি কর্মসূচীর উপর এক কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহা-পরিচালক জনাব সাহিন আহমেদ চৌধুরী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মেহের আফরোজ চুমকি, এম.পি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব তারিক-উল-ইসলাম। কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব মোঃ নুরুল ইসলাম তালুকদার, অতিরিক্ত পরিচালক (ভিজিডি), আরও বক্তব্য রাখেন জনাব এ.বি.এম জাকির হোসাইন, পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জনাব এস. এম মুরশিদ (ভিজিডি কর্মসূচি) বিশ্বখাদ্য ^{কর্মসূচীর} ~~সংস্থার~~ পরিপত্রের আলোকে কর্মশালায় জেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের সমন্বয়ে ২০১৫-২০১৬ চক্রের ভিজিডি উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সম্পর্কিত আলোচনা সহ মহিলা বিষয়ক অধিদপ্তরের সার্বিক কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।

সামাজিক নিরাপত্তা বেটনমূলক কার্যক্রমের মধ্যে ভিজিডি কর্মসূচি মহিলা বিষয়ক অধিদপ্তরের অন্যতম গুরুত্বপূর্ণ কর্মসূচী। এই কর্মসূচির আওতায় সমগ্র বাংলাদেশে ৭,৫০,০০০ লক্ষ উপকারভোগী মহিলাদের মাসিক ৩০ কেজি হারে খাদ্য সহায়তা প্রদান করা হয়ে থাকে। একই সাথে ২৭৭টি এনজিও'র মাধ্যমে উপকারভোগী মহিলাদের আয়বর্ধক ও দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।


২৭.১১.১৪
এ. বি. এম. জাকির হোসাইন
পরিচালক (যুগ্ম-সচিব)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা